


পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

*(An Enterprise of Bangladesh Power Development Board)*

চতুর্থ বর্ষ | ১৩তম সংখ্যা | অক্টোবর-ডিসেম্বর ২০২০


## বিদ্যুৎ সচিব মহোদয়ের ওজোপাডিকো পরিদর্শন



*সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক*

গত ৯ই অক্টোবর, ২০২০ ইং হতে ১০ই অক্টোবর, ২০২০ ইং পর্যন্ত সচিব, বিদ্যুৎ বিভাগ ড. প্রকৌশলী সুলতান আহমেদ ওজোপাডিকো'র ভোলা জেলার বিভিন্ন দপ্তর পরিদর্শন করেন। ৯ই অক্টোবর প্রত্যুষে সচিব মহোদয় ভোলায় আগমন করেন এবং স্থানীয় সার্কিট হাউজে অবস্থান করেন। এরপর সড়ক ও নৌপথে ভোলা জেলার মনপুরায় স্থাপিতব্য ৩.০০ (তিন) মেঃওঃ সোলার-ডিজেল হাইব্রিড বিদ্যুৎ কেন্দ্রের স্থান পরিদর্শন করেন।

এর পূর্বে তিনি স্থানীয় ডাকবাংলোয় মনপুরা বাসীর বিদ্যুৎ সম্পর্কিত বিভিন্ন মতামত ও দাবীর বিষয়ে অবহিত হন। তিনি বলেন বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী মুজিব বর্ষে সারাদেশের মানুষ যাতে একই মূল্যে সার্বক্ষণিক মানসম্পন্ন বিদ্যুৎ সেবা পায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দিয়েছেন। এরই অংশ

*বাকী অংশ ৪র্থ পাতায়*

## ওজোপাডিকো'র চেয়ারম্যান মহোদয়ের পটুয়াখালী, বরিশাল ও ফরিদপুর সার্কেল পরিদর্শন

গত ১৬ই অক্টোবর, ২০২০ ইং তারিখে ওজোপাডিকো'র চেয়ারম্যান রহমত উল্লাহ মোঃ দস্তগীর পায়রা নির্মাণাধীন বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন শেষে তিনি পটুয়াখালী বিদ্যুৎ সরবরাহ পরিদর্শন করেন। অতঃপর পটুয়াখালী সার্কিট হাউজে রাত্রীযাপনের উদ্দেশ্যে যাত্রা করেন। পরদিন সকালে তিনি সড়কপথে বরিশালে গমন করেন এবং বরিশালস্থ ওজোপাডিকো'র আওতাধীন বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও আঞ্চলিক হিসাব দপ্তর পরিদর্শন করেন। বরিশাল সার্কিট হাউজে মধ্যাহ্নভোজ সম্পন্ন করে বিকাল ৩.০০ টায় সড়ক ও নৌপথে বোরহানউদ্দিন এর উদ্দেশ্যে যাত্রা শুরু করেন। বোরহানউদ্দিনে অবস্থিত ২২৫.০০ মেঃওঃ পাওয়ার প্লান্টের রেস্ট হাউজে রাত্রিযাপন করেন। ১৮ই অক্টোবর সকালে তিনি চরফ্যাশন বিদ্যুৎ সরবরাহ পরিদর্শন করেন এবং বিকালে মনপুরা দ্বীপে নতুন স্থাপিত সোলার মিনিগ্রিড উপকেন্দ্রের সুবিধাভোগী




*ওজোপাডিকো'র চেয়ারম্যান মহোদয়-এর পটুয়াখালী ও ফরিদপুর সার্কেল পরিদর্শন*

জনগণের সাথে সাক্ষাৎ করেন এবং তাদের মতামত ও দাবী সম্পর্কে অবহিত হন। সন্ধ্যায় চরফ্যাশন ত্যাগ করে বোরহানউদ্দিনের উদ্দেশ্যে যাত্রা শুরু করেন। রাতে ২২৫ মেঃওঃ পাওয়ার প্লান্টের বিভিন্ন অংশ পরিদর্শন করেন। উক্ত পাওয়ার

*বাকী অংশ ৪র্থ পাতায়*

# জুমের মাধ্যমে অনলাইনে বোর্ড মিটিং সম্পন্ন



*করোনা পরিস্থিতিতে অনলাইনে জুম(অ্যাপ) এর মাধ্যমে গুরুত্বপূর্ণ বোর্ড মিটিং সম্পন্ন করেছে ওজোপাডিকোলিঃ*

করোনা ভাইরাস সারা বিশ্বজুড়ে যে সংকট তৈরি করেছে তার দরুন জাতীয় অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ব্যবস্থাপনার উপর এর বিরূপ প্রভাব পড়েছে। করোনার ফলে সৃষ্ট সংকট মোকাবিলায় সকল ক্ষেত্রে লকডাউন, শাটডাউন ও সংগনিরোধ বিধি জারি করা হলেও জরুরি সেবার স্বাভাবিক কার্যক্রম রক্ষণশীলভাবে পরিচালিত হয়ে আসছে। করোনা পরিস্থিতিতেও থেমে নেই ওজোপাডিকোর কার্যক্রম।

স্বাভাবিক অবস্থাতে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য ওজোপাডিকো বোর্ড মিটিংয়ের আয়োজন করে। কিন্তু এই করোনা পরিস্থিতিতে শারীরিক ভাবে সকলের উপস্থিতিতে বোর্ড মিটিং করা সম্ভব হয়নি। অনলাইনে জুম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বিভিন্ন জরুরী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য গত ২৭শে অক্টোবর, ২রা নভেম্বর এবং ১০ই ডিসেম্বর ওজোপাডিকোর যথাক্রমে ২০১তম, ২০২ তম ও ২০৩ তম বোর্ড মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত বোর্ড মিটিংসমূহে ওজোপাডিকোর সদর দপ্তরের সভা কক্ষে ব্যবস্থাপনা পরিচালকসহ বিভিন্ন পদস্থ কর্মকর্তাগণ জুমের মাধ্যমে মিটিংয়ে যুক্ত হন। ওজোপাডিকো-এর চেয়্যারম্যান রহমত উল্লাহ মোঃ দস্তগীরসহ পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যগন জুমের মাধ্যমে অনলাইন বোর্ড মিটিংয়ে যুক্ত হন।

# নতুন যোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের বুনিয়াদী প্রশিক্ষন শুরু




*নতুন যোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের বুনিয়াদী প্রশিক্ষন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদানকৃত সকল উপ-সহকারী প্রকৌশলীকে ফুলেল শুভেচ্ছা জানান ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক*

গত ২২শে ডিসেম্বর'২০২০ ইং তারিখে ওজোপাডিকো'তে নতুন ৩০ জন উপ-সহকারী প্রকৌশলী যোগদান করেন। যোগদানের পর ২৭শে ডিসেম্বর থেকে ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে যোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের ১৯দিন ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষন কোর্স শুরু হয়। উক্ত প্রশিক্ষন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটের নির্বাহী প্রকৌশলী মোছাঃ শাহীন আখতার পারভীন।

## চরফ্যাশন ও ঝিনাইদহতে নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং সম্পন্ন



নতুন দুইটি ৩৩/১১কেভি উপকেন্দ্রের কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে

গত ০৯/১০/২০২০ ও ২৭/১১/২০২০ ইং তারিখে ওজোপাডিকো'র চলমান বিদ্যুৎ ব্যবস্থার শক্তিশালীকরণ প্রকল্পের আওতাধীন চরফ্যাশন ও ঝিনাইদহে নবনির্মিত দুইটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। এর ফলে প্রায় ৩৫এমভিএ ক্ষমতা বৃদ্ধি পাবে এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ গ্রাহকদের লো ভোল্টেজ সমস্যার সমাধান হবে। উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গ্রাহকদের নতুন সংযোগ প্রদানের সুযোগ সৃষ্টি হবে, একইসাথে আধুনিকায়নের কারণে গ্রাহকগণ উন্নত গ্রাহকসেবা পাবেন।

## মহান বিজয় দিবস উদযাপন ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত



মহান বিজয় দিবস উপলক্ষে খুলনাস্থ গল্লামারীতে শহীদ স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্যের মাধ্যমে মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি সম্মান জানানো হয়

যথাযোগ্য মর্যাদার সাথে ওজোপাডিকোতে মহান বিজয় দিবস'২০২০ উদযাপন করা হয়। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং খুলনাস্থ গল্লামারীতে শহীদ স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্যের মাধ্যমে মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি সম্মান জানানো হয়। এ কর্মসুচীতে ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকবৃন্দ, প্রধান প্রকৌশলী সহ নানা স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরবর্তীতে "মহান বিজয় দিবস'২০২০ উদযাপন" শীর্ষক আলোচনা সভায় জুম অ্যাপসের মাধ্যমে সকল দপ্তর প্রধানগণ সংযুক্ত হন। ওজোপাডিকো সদর দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ), নির্বাহী পরিচালক (প্রকৌশল) ও প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস) মহোদয়। আলোচনা সভায় অংশগ্রহন করেন এসপিডিএসপি প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক ও বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ-ওজোপাডিকো ইউনিটের সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ রকিবউদ্দিন, পরিকল্পনা ও উন্নয়ন শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ-ওজোপাডিকো ইউনিটের সভাপতি প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান, সকল সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন), জনাব মোঃ আলমগীর কবীর। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ব্যবস্থাপক (প্রশাসন), জনাব মোঃ নাজমুল হুদা।

সন্ধ্যার পর ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে বিজয় দিবস উপলক্ষ্যে ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়। প্রায় দুই সপ্তাহ ব্যাপী টুর্নামেন্ট শেষে গত ৩১.১২.২০২০ ইং তারিখে ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে ওজোপাডিকো'র কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে উক্ত ব্যাডমিন্টন প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে চ্যাম্পিয়ন-রানার্স আপ সহ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।




মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত ওজোপাডিকো'র কর্মকর্তা-কর্মচারীদের ব্যাডমিন্টন টুর্নামেন্টে বিজয়ী ও অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরনী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য অতিথিগণ

*প্রথম পাতার পর*

## ওজোপাডিকো'র চেয়ারম্যান মহোদয়ের

প্লান্টের রেস্ট হাউজে রাত্রীযাপন করে পরদিন সকালে ভোলার উদ্দেশ্যে যাত্রা শুরু করেন। পথিমধ্যে বাংলাবাজারে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। ভোলা সার্কিট হাউজে মধ্যাহ্নভোজ সম্পন্ন করেন এবং সন্ধ্যায় নৌপথে ঢাকার উদ্দেশ্যে ভোলা ত্যাগ করেন। উক্ত দাপ্তরিক সফরে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন দপ্তর পরিদর্শনকালে তিনি বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কাজে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার কর্মকর্তাগণকে দক্ষতার সাথে কাজ করে যাওয়ার পরামর্শ দেন।

গত ০৬ই নভেম্বর, ২০২০ ইং তারিখে ওজোপাডিকো'র চেয়ারম্যান রাজবাড়ীতে নির্মাণাধীন গ্রীড উপকেন্দ্রের কাজ পরিদর্শন করেন। অতঃপর রাজবাড়ী বিদ্যুৎ সরবরাহ পরিদর্শন করেন এবং কর্মরত কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। রাজবাড়ী সার্কিট হাউজে মধ্যাহ্নভোজ গ্রহন করে বিকালে ফরিদপুরের উদ্দেশ্যে যাত্রা করেন। ফরিদপুর সার্কিট হাউজে রাত্রীযাপন করে পরদিন সকালে সদরপুর বিদ্যুৎ সরবরাহ পরিদর্শনে যান। অতঃপর বিকালে গোপালগঞ্জের উদ্দেশ্যে যাত্রা করেন। রাতে গোপালগঞ্জ সার্কিট হাউজে অবস্থান করেন । ০৮ই নভেম্বর সকালে তিনি গোপালগঞ্জে নির্মিত নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানীর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। গোপালগঞ্জস্থ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস এবং গোপালগঞ্জ গ্রীড পরিদর্শন করেন। শরীয়তপুর সার্কিট হাউজে মধ্যাহ্নভোজ গ্রহন করেন এবং বিকালে শরীয়তপুর বিদ্যুৎ সরবরাহ পরিদর্শন শেষে সন্ধ্যায় ঢাকার উদ্দেশ্যে রওনা করেন।

*৬ষ্ঠ পাতার পর*

## উপকেন্দ্র নির্মাণ ও নবায়নে

সরবরাহসহ গ্রাহকদের লো ভোল্টেজ সমস্যার সমাধান হবে। উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গ্রাহকদের নতুন সংযোগ প্রদানের সুযোগ সৃষ্টি হবে, একইসাথে আধুনিকায়নের কারণে গ্রাহকগণ উন্নত গ্রাহকসেবা পাবেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি এনার্জিপ্যাকের প্রতিনিধির প্রতি আহ্বান জানান যাতে করে নির্ধারিত সময়ের মধ্যেই যেন উপকেন্দ্র নবায়ন কাজ সম্পন্ন করে চালু করা সম্ভব হয়। এ বিষয়ে ওজোপাডিকো'র পক্ষ হতে সকল সহযোগিতা প্রদান করা হবে। চুক্তি স্বাক্ষর পরবর্তীতে উভয়পক্ষ চুক্তিপত্র পরস্পরের নিকট হস্তান্তর করে।

# "PPA-2006 & PPR-2008" শীর্ষক প্রশিক্ষন কোর্স অনুষ্ঠিত




*"PPA-2006 & PPR-2008" শীর্ষক প্রশিক্ষন কোর্সে Zoom Apps এর মাধ্যমে সংযুক্ত প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীরা*

Zoom Apps এর মাধ্যমে গত ১৭.১১.২০২০ ইং থেকে ২৮.১১.২০২০ ইং পর্যন্ত ওজোপাডিকো'র কর্মকর্তাগণের জন্য "PPA-2006 & PPR-2008 শীর্ষক প্রশিক্ষন কোর্সটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষন কোর্সের প্রশিক্ষক হিসেবে ছিলেন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) এর মহাপরিচালক ও কর্মকর্তাগণ। ট্রেনিং কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র সুযোগ্য ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। ট্রেনিং কোর্সটিতে সরকারী ক্রয় কাজের বিভিন্ন আইন-বিধি ও নীতিমালাসমূহ PPA-2006 ও PPR-2008 এর আলোকে আলোচনা করা হয়। একই সাথে বিভিন্ন বাস্তব উদাহরণ, সমস্যা ও তাঁর সমাধান বিষয়ক বিভিন্ন দিক নির্দেশনা পাওয়া যায়। প্রশিক্ষন কোর্সটিতে ওজোপাডিকো'র বিভিন্ন দপ্তরের ৭৭ জন কর্মকর্তা অংশগ্রহন করেন।

*প্রথম পাতার পর*

## বিদ্যুৎ সচিব মহোদয়ের



*পরিদর্শনকালে বিভিন্ন বিষয়ে আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করেন বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব মহোদয়*

হিসাবে মনপুরায় ৩.০০ (তিন) মেঃওঃ সোলার-ডিজেল হাইব্রিড বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রায় শত কোটি টাকা ব্যয়ে মুজিব শতবর্ষেই স্পন্সর কোম্পানি IDCOL -এর মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপন করা হবে।

এরপর তিনি চরফ্যাশনে মধ্যাহ্নভোজ গ্রহন করেন এবং চরফ্যাশনেই রাত্রীযাপন করেন। পরবর্তীতে ১০.১০.২০২০ ইং তারিখে ওজোপাডিকো'র চরফ্যাশন বিদ্যুৎ সরবরাহের আওতায় নবনির্মিত 2x10 MVA উপকেন্দ্র পরিদর্শন করেন এবং উপকেন্দ্রের ফটকে একটি বৃক্ষরোপণ করেন।

স্থানীয় বোরহানউদ্দিন ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র ও বেসরকারী সাপুজি-পালঞ্জি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন শেষে মধ্যাহ্ন ভোজের পর ঢাকা গমণের লক্ষে নৌপথে বরিশাল বিমান বন্দরের উদ্দেশ্যে ভোলা ত্যাগ করেন। দুই দিনের এই দাপ্তরিক পরিদর্শনে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কাজে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার কর্মকর্তাগণকে দক্ষতার সাথে কাজ করে যাওয়ার পরামর্শ দেন।

# চর কলাতলীতে সোলার হোম সিস্টেম (SHS) স্থাপন



*সোলার হোম সিস্টেমের মাধ্যমে বিদ্যুৎ সেবা পাচ্ছে চর কলাতলীতে বসবাসরত জনগণ*

মুজিব বর্ষে শতভাগ বিদ্যুতায়ন কর্মসূচীর অংশ হিসাবে ওজোপাডিকো'র আওতাধীন ভোলা জেলার মনপুরার কলাতলী চরে কোম্পানির সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে ৮০০ টি পরিবারে ৮০০ টি সোলার হোম সিস্টেম (SHS) স্থাপন করা হয়েছে। প্রতিটি ৬৫ ওয়াট পিক স্টান্ড অ্যালন সোলার হোম সিস্টেমের মাধ্যমে উপকারভোগী পরিবার সমূহ কুপির পরিবর্তে সৌর বিদ্যুতের মাধ্যমে তাঁদের রাত্রীকালীন আলোর সুবিধা পাবেন। একই সাথে আরও প্রায় ৭০০ টি SHS স্থাপনের কাজ প্রক্রিয়াধীন আছে-যেগুলো পার্শ্ববর্তী আশ্রায়ণ প্রকল্পের মাধ্যমে নির্মিত আবাসন ব্যবস্থায় বিদ্যুতায়নের ব্যবস্থা করবে। IDCOL এর কারিগরি সহায়তায় ওজোপাডিকো'র আর্থিক সহযোগিতা এবং IDCOL এর সহযোগী সংস্থার (PO) তত্ত্বাবধানে এসব SHS স্থাপন কাজ সম্পন্ন হচ্ছে। এর ফলে উক্ত চর কলাতলীতে বসবাসরত জনগণ সৌর শক্তির মাধ্যমে তাঁদের বিদ্যুৎ সুবিধা পাবেন। এজন্য তাদেরকে কোনো বিদ্যুৎ বিল কিংবা অর্থ প্রদান করতে হবে না।

## শোক-বার্তা



বিক্রয় ও বিতরণ বিভাগ-২, ওজোপাডিকোলিঃ, যশোর দপ্তরের নিরাপত্তা প্রহরী মুন্সি জাহিদুল ইসলাম গত ২৩/১০/২০২০ ইং তারিখে কর্তব্যরত অবস্থায় অসুস্থ হয়ে পড়েন। তৎক্ষণাৎ ২৫০ শয্যা বিশিষ্ট যশোর সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৫৭ বছর। ওজোপাডিকোলিঃ- তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।

## মেধাবীমুখ



আরটিভি আয়োজিত ফোক গানের রিয়েলিটি শো "বেঙ্গল সিমেন্ট প্রেজেন্টস বাংলার গায়েন"। ২ লাখ ১৪ হাজার অংশগ্রহণকারীদেরকে নিয়ে গত জুলাই মাসে অনলাইন প্রক্রিয়ায় প্রতিযোগিতাটি শুরু হয়। পরবর্তীতে সেরা ১০০ জন প্রতিযোগিকে নিয়ে ঢাকায় গ্রান্ড অডিশন অনুষ্ঠিত হয়। তাসনিয়া জামান শ্বাশতী ১০০ জন প্রতিযোগীর মধ্য থেকে গ্রান্ড অডিশন, ব্লাইন্ড অডিশন এবং আরও একটি রাউন্ড অতিক্রম করে সেরা ৩০ জনের মাঝে স্থান করে নেয়। এই আয়োজনের বিচারক হিসাবে ছিলেন এস.আই. টুটুল, শওকত আলী ইমন ও ইবরার টিপু। ইতোমধ্যে তিন বিচারকের কাছ থেকে পাওয়ারফুল রকিং ফোক পারফরম্যান্সের খেতাব পেয়েছে শ্বাশতী। ৩০ জন প্রতিযোগীর মধ্যে থেকে সেরা ২৫ জন প্রতিযোগীর সাথে আরটিভি ২ বছরের জন্য চুক্তি করেছে। গত ২১শে ডিসেম্বরে আনুষ্ঠানিকভাবে চুক্তিপত্র স্বাক্ষর করে তাসনিয়া জামান শ্বাশতী।

তাসনিয়া জামান শ্বাশতী ওজোপাডিকো'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান এর জ্যেষ্ঠ কন্যা এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের ১ম বর্ষের শিক্ষার্থী। সে সকলের নিকট দোয়া প্রার্থী।



আফিফা তাসনীম ২০২০ সালে অনুষ্ঠিত SSC পরীক্ষায় বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা থেকে বিজ্ঞান বিভাগে জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছ। বর্তমানে সে খুলনা সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণীতে বিজ্ঞান বিভাগে অধ্যয়নরত। সে ওজোপাডিকোলিঃ, খুলনা এর উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (চিকিৎসা সহকারী) ডাঃ মোঃ আবুল বাশার এর একমাত্র কন্যা। সে ভবিষ্যতে একজন দক্ষ প্রকৌশলী হতে চায়। সে সকলের নিকট দোয়া প্রার্থী।



# উপকেন্দ্র নির্মাণ ও নবায়নে চুক্তি সম্পন্ন

গত ২৪শে ডিসেম্বর, ২০২০ ইং তারিখে ওজোপাডিকো'র চলমান "বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ" প্রকল্পের আওতায় নতুন ৫ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ কাজের জন্য খুলনাস্থ হোটেল ক্যাসল সালামে ওজোপাডিকো'র সহিত এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ-এর সাথে ০১ টি চুক্তি স্বাক্ষরিত হয় । চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। উক্ত চুক্তিতে ওজোপাডিকো'র পক্ষে স্বাক্ষর করেন প্রকৌশলী মোঃ আব্দুল মজিদ, প্রকল্প পরিচালক, SPDSP ও এনার্জিপ্যাকের পক্ষে স্বাক্ষর করেন মোঃ আকরাম হোসেন। উক্ত চুক্তির মাধ্যমে ৫টি পুরাতন ৩৩/১১ কেভি উপকেন্দ্রের আধুনিকায়ন ও ক্ষমতা বৃদ্ধি করা হবে। এই কাজটি সম্পাদন সম্পাদনের মাধ্যমে সর্বমোট ৬০এমভিএ ক্ষমতা বৃদ্ধি পাবে এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ




*ওজোপাডিকো'র সহিত এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ -এর সাথে চুক্তি স্বাক্ষরিত*

*বাকী অংশ ৪র্থ পাতায়*

# ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউট-এ মডেল উপকেন্দ্র নির্মাণ কাজের চুক্তি সম্পন্ন




*ওজোপাডিকো'র সহিত রিভেরি পাওয়ার ইঞ্জিনিয়ারিং লিঃ -এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত*

গত ৬ ডিসেম্বর, ২০২০ ইং তারিখে ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে একটি ৩৩/১১ কেভি মডেল উপকেন্দ্র নির্মাণ কাজের জন্য ওজোপাডিকো'র সহিত রিভেরি পাওয়ার ইঞ্জিনিয়ারিং লিঃ -এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয় খুলনাস্থ হোটেল সিটি ইন-এ। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। উক্ত চুক্তিতে ওজোপাডিকো'র পক্ষে স্বাক্ষর করেন প্রকৌশলী মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, এনার্জি সিস্টেম কন্ট্রোল এন্ড সার্ভিসেস ও রিভেরী পাওয়ার ইঞ্জিনিয়ারিং এর পক্ষে স্বাক্ষর করেন প্রকৌশলী মোঃ আরিফুল হক। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, এই কাজটি সম্পাদনের মাধ্যমে ওজোপাডিকোতে কর্মরত এবং নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের কারিগরী দক্ষতা বৃদ্ধির নতুন দিগন্ত উন্মোচিত হবে। সাবস্টেশন অটোমেশন সিস্টেমসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে এই মডেল উপকেন্দ্রে। এই মডেল উপকেন্দ্রের মাধ্যমে ওজোপাডিকো'র ট্রেনিং ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচীগুলোতে ওজোপাডিকো'র বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীদের হাতে কলমে বিভিন্ন যন্ত্রপাতির পরিচালন ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ দেওয়া সম্ভব হবে। ফলে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি আত্মবিশ্বাসও বৃদ্ধি পাবে। এছাড়াও তিনি রিভেরী পাওয়ার ইঞ্জিনিয়ারিং এর প্রতিনিধির প্রতি আহ্বান জানান যাতে করে নির্ধারিত সময়ের মধ্যেই যেন মডেল উপকেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হয়। এ বিষয়ে ওজোপাডিকো'র পক্ষ হতে সকল সহযোগিতা প্রদান করা হবে। চুক্তি স্বাক্ষর পরবর্তীতে উভয়পক্ষ চুক্তিপত্র পরস্পরের নিকট হস্তান্তর করেন।



# লিভার সুস্থ রাখতে করণীয় কিছু অভ্যাস

*মোঃ আবুল বাশার


আমাদের দেহ সুস্থ রাখতে প্রয়োজন আমাদের দেহের অঙ্গপ্রত্যঙ্গের সুস্থতা। লিভার আমাদের দেহের সব চাইতে বড় একটি অঙ্গ। দেহের ইমিউন সিস্টেম, হজমশক্তি এবং পুষ্টিধারণ সহ লিভার আমাদের দেহের আরও অনেক গুরুত্বপূর্ণ কাজ করে। তাই লিভারের সুস্থতা আমাদের নিজেদের সুস্থ থাকার জন্য অত্যন্ত জরুরি। কিন্তু আমরা নিজের অজান্তে আমাদের বাজে খাদ্যাভ্যাস এবং বাজে জীবনযাপনের জন্য প্রতিনিয়ত ক্ষতি করে যাচ্ছি আমাদের সুস্থতার কাজে নিয়োজিত এই অঙ্গটিকে। নানা ধরনের ক্ষতিকর টক্সিন পরিবেশের এবং আমাদের মাধ্যমে প্রবেশ করছে আমাদের দেহে এবং নষ্ট করে দিচ্ছে লিভারের কার্যক্ষমতা। সুতরাং নিজের ভালোর জন্য আমাদের একটু সতর্ক হওয়া প্রয়োজন। প্রয়োজন লিভারের সুস্থতায় কিছু অভ্যাস গড়ে তোলা। আসুন দেখে নিই সেই সকল ভালো অভ্যাসগুলো যা আমাদের লিভারকে রাখবে সুস্থ।

১. প্রাকৃতিক খাবার খান

অনেকেই টিনজাত এবং বোতলজাত খাবারের প্রতি আসক্ত থাকেন। সময়ের অভাব এবং সতর্কতার অভাবে দিনে দিনে এই সকল প্রিজারভেটিভ এবং কৃত্রিম ফ্লেভারে ভরপুর এই ক্ষতিকর খাবারগুলো খাওয়ার অভ্যাস করে নিচ্ছি যা একেবারেই উচিৎ নয়। এইসকল প্রিজারভেটিভ এবং কৃত্রিম ফ্লেভার আমাদের লিভারের কার্যক্ষমতা নষ্ট করে দেয়। আমাদের যতটা সম্ভব প্রাকৃতিক খাবার খাওয়ার অভ্যাস করতে হবে। কোন ধরনের কৃত্রিম খাবার খাওয়া চলবে না। এতে লিভার থাকবে সুস্থ।

২. তৈলাক্ত এবং ফাস্টফুড জাতীয় খাবার কম খাবেন।

তেলে ভাজা এবং ফাস্টফুড জাতীয় খাবার খেতে অনেক বেশি সুস্বাদু হলেও আমাদের দেহের জন্য এটি বেশ ক্ষতিকর। বিশেষ করে আমাদের লিভারের জন্য এটি মারাত্মক ক্ষতিকর। এইধরনের খাবারে অনেক ক্ষতিকর ফ্যাট রয়েছে যা লিভারে ফ্যাট জমার জন্য দায়ী। এতে করে মুটিয়ে যাওয়া




এবং ফ্যাট লিভারের জন্য দায়ী রোগে আক্রান্তের সম্ভাবনা দেখা দেয়।

৩. লিভারের সুস্থতায় কার্যকর খাবার খান

হজমশক্তি বাড়াতে বেশ কার্যকর যে খাবারগুলো সেধরনের খাবার খাওয়ার অভ্যাস তৈরি করুন। সালফার সমৃদ্ধ খাবার খান। ব্রকলি, সবুজ শাক, বাঁধাকপি এবং ফুলকপি লিভারের কার্যক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে। এছাড়া কাঁচা পেঁয়াজ এবং রসুন লিভারের জন্য ক্ষতিকর টক্সিনকে দেহ থেকে দূর করতে সহায়তা করে এবং লিভার ঠিক রাখে।

৪. প্রচুর পরিমাণে পানি পান করুন

দিনে ৬-৮ গ্লাস পানি পান করুন। পানি আমাদের লিভারের জন্য ক্ষতিকর টক্সিন দূর করে লিভারকে পরিষ্কার রাখতে সাহায্য করে। যারা পানি কম খান তারা লিভারের নানা ধরনের রোগে ভুগতে পারেন। পানি কম খাবেন না।

৫. ঔষধ খাওয়ার ব্যাপারে সতর্ক হোন

অনেকেই সামান্য কারণে ঔষধ খেয়ে ফেলেন। অনেকে ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়াই ঔষধ খান। কিন্তু এটি লিভারের জন্য অনেক ক্ষতিকর। ডাক্তারের পরামর্শ ছাড়া কোন ধরনের ঔষধ খাবেন না। বিশেষ করে কোন ব্যথানাশক ঔষধ। ব্যথানাশক ঔষধে ব্যবহৃত এনজাইম লিভারের কার্যক্ষমতা নষ্ট করে লিভার ড্যামেজ করে দিতে পারে। সুতরাং ঔষধ খাওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করুন।

৬. নিয়মিত ব্যায়াম করুন

ব্যায়াম দেহে মেদ জমার পাশাপাশি লিভারে মেদ জমতে বাধা দেয়। এতে করে লিভারের মেদ সংক্রান্ত রোগে আক্রান্তের সম্ভাবনা অনেক কমে যায়। গবেষণায় দেখা যায় দিনে মাত্র ২০ মিনিটের ব্যায়াম লিভারের কার্যক্ষমতা বৃদ্ধি করে এবং আমাদের ইমিউন সিস্টেম উন্নত করতে সাহায্য করে। সুতরাং প্রতিদিন নিয়ম করে ব্যায়াম করুন।

৭. ধূমপান এবং মদ্যপান ত্যাগ করুন

অনেকেই অভ্যাসবশত এবং শখের কারণে ধূমপান এবং মদ্যপান করে থাকেন। কিন্তু সিগারেট এবং মদ লিভার সেল নষ্ট করে দেয়ার জন্য দায়ী। সামান্য পরিমাণ মদ্যপান এবং ধূমপান হতে পারে হেপাটাইটিস এবং লিভার সিরোসিসের মত মারাত্মক রোগের কারণ। সুতরাং ধূমপান এবং মদ্যপানের অভ্যাস ত্যাগ করুন। *(সংগৃহীত)*

**চিকিৎসা সহকারী*
*ওজোপাডিকো, সদর দপ্তর*
*বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা*

## ২৪ ঘন্টা গ্রাহক সেবায় ওজোপাডিকো'র কল সেন্টার

মুজিব শতবর্ষ MUJIB 100

# সম্মানিত গ্রাহকবৃন্দ বিদ্যুতের যেকোন অভিযোগ ও তথ্য অনুসন্ধানের জন্য কল করুন



# ১৬১১৭

*"অবিরাম বিদ্যুৎ সেবায় নিয়োচিত"*

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

# করোনা সচেতনতায় যা করণীয়ঃ




### হাত ধোয়া

সাবান, গরম পানি বা স্যানিটাইজার দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে।




### চোখ-মুখ ছোঁয়া যাবে না

হাত না ধুয়ে চোখ, মুখ বা নাকে হাত দেওয়া যাবে না।





### হাঁচি-কাশিতে সতর্কতা

হাঁচি বা কাশির সময় টিস্যু ব্যবহার করতে হবে। টিস্যু না থাকলে বাহুর ওপরের অংশ দিয়ে নাক-মুখ আড়াল করতে হবে।




### সংস্পর্শ এড়ানো

অসুস্থ ব্যক্তির খুব কাছে না যাওয়া এবং একান্ত প্রয়োজন ছাড়া জনসমাগমস্থল এড়িয়ে চলতে হবে।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-২৪৪-১১১৫৭৪, +৮৮০-২৪৪-১১১৫৭৫, +৮৮০-২৪৪-১১১৫৭৬, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মু: গ্লোরি, খুলনা ☎০১৭১১ ২৯ ৬৬ ১৯